

বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা মহানগরের সকল খাদ্যপণ্যের আমদানীকারক, পাইকারী ও খুচরা ব্যবসায়ী এবং চালকল, ময়দাকল, রোলার ময়দাকল, আটাচাক্কি, অটোমেটিক রাইস মিল, মেজর রাইস মিল, হাফিং রাইসমিল মালিকদের এবং ওএমএস ডিলারদের পুনরায় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার Control of Essential Commodities Act. 1956 মতে খাদ্যশস্য/খাদ্য সামগ্রী মজুদের পরিমাণ মেয়াদ ও লাইসেন্স ফি পুন: নির্ধারণ করেছে। পুন: নির্ধারিত সীমা অনুযায়ী ১(এক) টনের অধিক খাদ্যশস্য/খাদ্য সামগ্রী কারো অধিকারে বা নিয়ন্ত্রনে রাখতে হলে তাকে আবশ্যিকভাবে এ সংক্রান্ত ব্যবসায়ের লাইসেন্স গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে মুজদ পরিমাণ অনুযায়ী আমদানীকারক, পাইকারী, খুচরা ব্যবসায়ী ও চালকল, ময়দাকল মালিকদের নির্ধারিত লাইসেন্স ফি ও মেয়াদকালও সরকার পুন: নির্ধারণ করেছে। উক্ত বিষয়টি অত্র দপ্তরের ২৯/০৬/২০১১ তারিখের ১৩.০১.০০০০.২৫৬.৩২.০৭০.১১.১০৩১ নং পত্রে ইতিপূর্বে অবহিত করা হয়েছিল।

যাহোক ঢাকা মহানগরের সকল খাদ্যশস্য/খাদ্য সামগ্রী আমদানী কারক, পাইকারী ও খুচরা ব্যবসায়ী এবং চালকল, ময়দাকল, আটাচাক্কি ও ওএমএস ডিলার মালিকদের নির্ধারিত ফরমে আবেদন ও ফি জমা দিয়ে অত্র দপ্তর হতে লাইসেন্স গ্রহণ করতে পুনরায় অনুরোধ করা যাচ্ছে। লাইসেন্স ব্যতিরেকে নির্ধারিত এসব পন্য ১(এক) টনের অধিক কারো নিয়ন্ত্রনে রাখা উক্ত আইনের পরিপন্থী ও দন্ডনীয় বলে বিবেচ্য। এ বিষয়ে বিস্তারিত জানতে অত্র দপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে অথবা খাদ্য অধিদপ্তরের www.dgfood.gov.bd ওয়েবেও দেখা যেতে পারে।

- পন্য সমূহঃ-**
- (১) চাল, গম ও গমজাত দ্রব্য
 - (২) ভোজ্য তেল
 - (৩) চিনি
 - (৪) ডাল

অনুরোধক্রমে,

স্বাক্ষরিত/-

(সুকুমার চন্দ্র রায়)

প্রধান নিয়ন্ত্রক

ঢাকা রেশনিং, ঢাকা

ফোনঃ ৭১১৫৬০৯, ৭১১০২১৩ (নিয়ন্ত্রণ কক্ষ)।

তারিখঃ-১৪/০৯/২০১১

স্মারক নং-১৩.০১.০০০০.২৫৬.৪৮.০৭০.১১.১৩৯৭(২১)

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ- (জ্যেষ্ঠতার ক্রমিক অনুযায়ী নয়)

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭-১৫। এলাকা রেশনিং কর্মকর্তা (সকল), রেশনিং এলাকা ডি/---, ঢাকা রেশনিং, ঢাকা। তাকে বিষয়টি নিয়ন্ত্রণাধীন বাজারের খাদ্যপণ্যের ব্যবসায়ীদের অবহিত করতে অনুরোধ করা হলো।
- ১৬। সভাপতি, এফ.বি.সি.সি.আই, ঢাকা।
- ১৭। সভাপতি, কনজিউমার এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
- ১৮। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।
- ১৯। সভাপতি, সকল বাজার সমিতি,----- ঢাকা মহানগর।
- ২০। সাধারণ সম্পাদক, সকল বাজার সমিতি,----- ঢাকা মহানগর।
- ২১। অফিস নথি, ঢাকা রেশনিং, ঢাকা।

স্বাক্ষরিত/-

(সুকুমার চন্দ্র রায়)

প্রধান নিয়ন্ত্রক

ঢাকা রেশনিং, ঢাকা।